গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৯৭/২০১৮-১৯**

**ঢাকা, বুধবার ১৪ নভেম্বর ২০১৮, ৩০ কার্তিক ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নির্বাচন আর পেছাবে না : রিটার্নিং অফিসারদের ইসির ব্রিফিং

২। সেনাবাহিনীকে ইভিএমের প্রশিক্ষণ দেবে নির্বাচন কমিশন
মনোনয়ন ফরম সংগ্রহ ও জমাদানকালে শোডাউন না করার ব্যাপারে সতর্ক থাকতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানিয়ে ইসির চিঠি

৩। আওয়ামী লীগে মনোনয়ন প্রত্যাশীদের সাক্ষাৎকার আজ

৪। রাজনীতির বাইরেও একজন সাধারণ মানুষ হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেখা যাবে
'হাসিনা : অ্যা ডটারস টেল' মুক্তি পাচ্ছে আগামী ১৬ নভেম্বর

৫। কোনো অনুকম্পা নয়, বাংলাদেশের সংবিধান রক্তের বিনিময়ে অর্জিত : স্পিকার

৬। করদাতা চার কোটিতে উন্নীত করতে চান অর্থমন্ত্রী
সপ্তাহব্যাপী আয়কর মেলা শুরু

৭। বিনিয়োগ বাড়াবে নরওয়ে : বাণিজ্যমন্ত্রীর আশাবাদ

৮। বিদেশি পর্যবেক্ষকদের জন্য নির্বাচন পেছানোর দাবি অযৌক্তিক : সেতুমন্ত্রী

৯। মিয়ানমারকে চাপ দিতে আন্তর্জাতিক সম্প্রদায়কে আহ্বান বাংলাদেশের
রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন

১০। আমন ধানের উৎপাদন ব্যয় নির্ধারণ করেছে কৃষি মন্ত্রণালয়

১১। প্রশাসনে একীভূত হলো ইকোনমিক ক্যাডার

১২। বিশ্ব ডায়াবেটিস দিবস আজ

চলমান পাতা-২



১। নির্বাচন আর পেছাবে না : রিটার্নিং অফিসারদের ইসির ব্রিফিং

নির্বাচন কমিশন (ইসি) রিটার্নিং অফিসারদের (জেলা প্রশাসক) জানিয়ে দিয়েছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তারিখ আর পেছানোর সুযোগ নেই। এছাড়া এ নির্বাচনে কোনো প্রার্থী দণ্ডপ্রাপ্ত হয়ে আপিল করলেও তার মনোনয়নপত্র বাতিল করতে হবে। এরপর ঐ প্রার্থী রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে আপিল করলে কমিশন এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। এ নির্বাচনে জেলা পরিষদ ও উপজেলা পরিষদের চেয়ারম্যানরা স্বপদে থেকে প্রার্থী হতে পারবেন কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট আইন-কানুন দেখে আপাতত রিটার্নিং অফিসারদেরই সিদ্ধান্ত নিতে হবে। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে রিটার্নিং অফিসারদের ব্রিফিং অনুষ্ঠানে কমিশনের পক্ষ থেকে এ সব কথা বলা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**২। সেনাবাহিনীকে ইভিএমের প্রশিক্ষণ দেবে নির্বাচন কমিশন**

**মনোনয়ন ফরম সংগ্রহ ও জমাদানকালে শোডাউন না করার ব্যাপারে সতর্ক থাকতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানিয়ে ইসির চিঠি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহারের লক্ষ্যে সশস্ত্র বাহিনীর সদস্যদের ইভিএম বিষয়ে প্রশিক্ষণ দেবে নির্বাচন কমিশন (ইসি)। সশস্ত্র বাহিনীর ৬৪ জন কর্মকর্তা এবং ২১০ জন জুনিয়র কমিশন্ড অফিসার (জেসিও) ও অন্যান্য পদবীর সদস্যদের ইভিএম বিষয়ক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানিয়ে সশস্ত্রবাহিনী বিভাগকে গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) চিঠি দিয়েছে ইসি। এছাড়া কেউ যেন মনোনয়ন ফরম সংগ্রহ বা জমাদানের সময় শোডাউন করতে না পারে সে ব্যাপারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সতর্ক থাকার অনুরোধ জানিয়ে কমিশন গতকাল আইজিপি ও সংশ্লিষ্টদের কাছে চিঠি পাঠিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **যায়যায়দিন** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**৩। আওয়ামী লীগে মনোনয়ন প্রত্যাশীদের সাক্ষাৎকার আজ**

দলের মনোনয়ন প্রত্যাশীদের সাক্ষাৎকার নেবে আওয়ামী লীগ। আজ বেলা ১১টায় রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এ সাক্ষাৎকার নেওয়া হবে। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) দলের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। দলের ও সংসদীয় বোর্ডের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বোর্ডের সদস্যদের উপস্থিতিতে নৌকার মনোনয়ন প্রত্যাশীদের সাক্ষাৎকার নেওয়া হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৪। রাজনীতির বাইরেও একজন সাধারণ মানুষ হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেখা যাবে**

**'হাসিনা : অ্যা ডটারস টেল' মুক্তি পাচ্ছে আগামী ১৬ নভেম্বর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে নির্মিত ডকু ফিল্ম 'হাসিনা: অ্যা ডটারস টেল' মুক্তি পাচ্ছে আগামী ১৬ নভেম্বর। ঐদিন রাজধানীর স্টার সিনেপ্লেক্স, মধুমিতা সিনেমা হল, ব্লকবাস্টার সিনেমাস ও চট্টগ্রামের সিলভার স্ক্রিনে একযোগে মুক্তি পাবে এটি। ১৫ নভেম্বর সন্ধ্যায় স্টার সিনেপ্লেক্সে ৭০ মিনিট ব্যাপ্তির এ ফিল্মটির উদ্বোধনী প্রদর্শনী হবে। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (সিআরআই) আয়োজিত সংবাদসম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**৫। কোনো অনুকম্পা নয়, বাংলাদেশের সংবিধান রক্তের বিনিময়ে অর্জিত : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশের সংবিধান বিশ্বে অনন্য। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পরপরই ১৯৭২ সালে জাতিকে এ সংবিধান উপহার দেন। কোনো অনুকম্পা কিংবা সমঝোতা নয়, রক্তের বিনিময়ে অর্জিত বাংলাদেশের সংবিধান। ত্রিশ লাখ শহিদ ও দুই লাখ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে বাঙালি জাতি পেয়েছে স্বাধীন বাংলাদেশ ও গৌরবময় সংবিধান। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) ঢাকার মিরপুর ক্যান্টনমেন্ট ডিফেন্স সার্ভিস কমান্ড এন্ড স্টাফ কলেজের শেখ হাসিনা

কমপ্লেক্সে 'পার্লামেন্ট : রোল, ফাংশন এন্ড পার্লামেন্টারি প্র্যাকটিসেস ইন দ্য কনটেক্সট অভ্ পার্লামেন্টারি ডেমোক্র্যাসি' শীর্ষক সেশনে বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **বনিক বার্তা** (পৃ.২,ক.৩)।

**৬। করদাতা চার কোটিতে উন্নীত করতে চান অর্থমন্ত্রী**
**সপ্তাহব্যাপী আয়কর মেলা শুরু**

বর্তমানে করদাতার খাতায় নিবন্ধিত বা কর শনাক্তকরণ নম্বরধারী (ই-টিআইএন) ত্রিশ লাখের বেশি। তবে অর্থমন্ত্রী মনে করেন, বিভিন্ন উপায়ে প্রায় ১ কোটি মানুষ এখন কর দেন। এ সংখ্যা চার কোটিতে উন্নীত হওয়া উচিত। তাহলে মানুষের জন্য সরকারের সেবা আরো বিস্তৃত করা যাবে। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) বেইলি রোডের অফিসার্স ক্লাবে সপ্তাহব্যাপী আয়কর মেলার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। ঢাকাসহ দেশের সব সিটি কর্পোরেশনে গতকাল থেকে শুরু হয়েছে সপ্তাহব্যাপী আয়কর মেলা । এছাড়া জেলা ও উপজেলা পর্যায়েও আয়কর মেলা অনুষ্ঠিত হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৭। বিনিয়োগ বাড়াবে নরওয়ে : বাণিজ্যমন্ত্রীর আশাবাদ**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, নরওয়ে বাংলাদেশের বন্ধুরাষ্ট্র। ইউরোপীয় ইউনিয়নের দেশ হিসেবে নরওয়ে বাংলাদেশকে এভ্রিথিংকস বাট আর্মস (ইবিএ) এর আওতায় বাণিজ্য সুবিধা দিচ্ছে। তৈরি পোশাকসহ বেশ কিছু পণ্য নরওয়েতে রপ্তানি করে আসছে বাংলাদেশ। গত অর্থবছরে বাংলাদেশ নরওয়েতে ৯৬ দশমিক ৮৫ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য রপ্তানি করেছে, একই সময়ে ৬৩ দশমিক ৭০ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের পণ্য আমদানি করেছে। আগামী দিনে নরওয়েতে বাংলাদেশের রপ্তানি আরো বাড়বে। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) বাংলাদেশ সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত সিডসেল ব্লেকেনের সাথে মতবিনিময় করে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। বাণিজ্যমন্ত্রী আরও বলেন, রাজনৈতিক জোট ও দলের দাবির প্রেক্ষিতে আন্তরিক পরিবেশে দুই দফায় সংলাপ হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৮। বিদেশি পর্যবেক্ষকদের জন্য নির্বাচন পেছানোর দাবি অযৌক্তিক : সেতুমন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিদেশি পর্যবেক্ষকদের জন্য বিএনপি জাতীয় নির্বাচন পেছানোর যে দাবি করেছে তা সম্পূর্ণ অযৌক্তিক ও অবাস্তব। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিকসম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৯। রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে**
**মিয়ানমারকে চাপ দিতে আন্তর্জাতিক সম্প্রদায়কে আহ্বান বাংলাদেশের**

কক্সবাজারে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) নয়াদিল্লিতে বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলী এ আহ্বান জানান। ভারতে দায়িত্বরত বিভিন্ন দেশের ৬০ জনের বেশি কূটনীতিক রোহিঙ্গা সংকটের সর্বশেষ অবস্থা অবহিত করেন হাইকমিশনার মোয়াজ্জেম আলী। হাইকমিশন আয়োজিত ঘন্টাব্যাপী সভায় তিনি বলেন, রোহিঙ্গা সংকটের দীর্ঘস্থায়ী সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের অব্যাহত চাপ জরুরি। এ সময় তিনি ওআইসি ও ইউরোপীয় ইউনিয়নে ইতোমধ্যে গৃহীত প্রস্তাবে আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন চান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**১০। আমন ধানের উৎপাদন ব্যয় নির্ধারণ করেছে কৃষি মন্ত্রণালয়**

এবার প্রতি কেজি আমন ধানের উৎপাদন ব্যয় ২৫ টাকা ৩০ পয়সা ও চালের উৎপাদন ব্যয় ৩৭ টাকা ৯০ পয়সা নির্ধারণ করা হয়েছে। গত বছর এ ব্যয় ছিল ধান ২৪ টাকা ৬৩ পয়সা এবং চাল ৩৭ টাকা ০২ পয়সা। এবার



প্রতি কেজি ধানে ৬৭ পয়সা ও চালে ৮৮ পয়সা বেড়েছে। গত বছর এর আগের বছরের চেয়ে ধানে ৫ টাকা ৬৩ পয়সা ও চালের ব্যয় ৮ টাকা ২ পয়সা বেড়েছিল। আমনের এ উৎপাদন মূল্য নির্ধারণ করেছে কৃষি মন্ত্রণালয়। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) ২০১৭-১৮ অর্থবছরে আমন ফসলের উৎপাদন ব্যয় প্রাক্কলন সংক্রান্ত এক সভায় এ খরচ নির্ধারণ করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৬)।

**১১। প্রশাসনে একীভূত হলো ইকনমিক ক্যাডার**

দীর্ঘ প্রক্রিয়া শেষে প্রশাসন ও ইকনমিক ক্যাডার একীভূত করে গেজেট প্রকাশ করেছে সরকার। গতকাল (১৩ নভেম্বর মঙ্গলবার) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব ফয়েজ আহম্মদের স্বাক্ষরিত এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, অধিকতর গতিশীল, সমন্বিত ও জনবান্ধব প্রশাসনব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে সার্ভিস অ্যাক্ট ১৯৭৫-এর সেকশন ৪ ক্ষমতাবলে সরকার এ আদেশ জারি করেছে। এর ফলে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকনমিক) ক্যাডারের সব পদ ও জনবল বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের পদ ও জনবল বলে গৃহীত হবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

**১২। বিশ্ব ডায়াবেটিস দিবস আজ**

আজ বিশ্ব ডায়াবেটিস দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য 'ডায়াবেটিস প্রতিটি পরিবারের উদ্বেগ'। ডায়াবেটিস সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতিবছরই বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বাংলাদেশসহ ১৬০টি দেশে এ দিবসটি পালিত হয়। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করেছে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **যায়যায়দিন :** দেশের প্রত্যন্ত অঞ্চলের মা ও শিশুরা সরকারের নিউট্রিশন সার্ভিসের সুযোগ সুবিধা ভোগ করলেও কিশোর-কিশোরীরা এ সেবা থেকে অনেকাংশে বঞ্চিত হচ্ছে উল্লেখ করে প্রান্তিক পর্যায়ে পুষ্টির ঘাটতি কমাতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **বণিক বার্তা, সংবাদ :** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের তথ্য মতে, শিক্ষাক্ষেত্রে সৃজনশীল পদ্ধতি চালুর ১০ বছরেও এ পদ্ধতিতে প্রশ্নপত্র তৈরি করতে পারছেনা বিপুলসংখ্যক শিক্ষক উল্লেখ করে সৃজনশীল পদ্ধতির সফলতা চাইলে শিক্ষকের দক্ষতা নিশ্চিতকরণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যুগান্তর, জনকণ্ঠ :** রাজনৈতিক দলগুলোর দাবির পরিপ্রেক্ষিতে পুনঃতফসিল অনুযায়ী একাদশ জাতীয় সংসদ নির্বাচন ৩০ ডিসেম্বর নির্ধারণ করেছে নির্বাচন কমিশন উল্লেখ করে একটি অবাধ, সুষ্ঠু ও সহিংসতামুক্ত নির্বাচন অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঘ.** **ইনকিলাব :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মেঘনা সেতুতে পরীক্ষামূলকভাবে ডিজিটাল 'টাচ অ্যান্ড গো' পদ্ধতিতে টোল আদায় শুরু হয়েছে উল্লেখ করে দেশের সকল ব্যস্ত মহাসড়কে টোল আদায়ের এ পদ্ধতি অনুসরণের সুপারিশ।

**ঙ.** **সংবাদ :** দেশে শিশুশ্রম বন্ধে দরিদ্র শিশুদের শিক্ষা নিশ্চিত করতে হলে অভিভাবকদের নগদ অর্থ সাহায্য বা বিকল্প অর্থায়নের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**চ.** **ডেইলি সান :** নদ-নদীর নাব্যতা রক্ষায় নিয়মিত ড্রেজিংয়ের ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আগামী নির্বাচন জনগণের প্রত্যাশা পূরণ করবে এবং নির্বাচন কমিশন চ্যালেঞ্জগুলো দৃঢ়ভাবে মোকাবিলা করতে পারবে এটাই সমস্ত দেশবাসীর প্রত্যাশা।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ইলেকট্রনিক ও প্লাস্টিক বর্জ্যের ক্ষতিকর প্রভাব'** শিরোনামের নিবন্ধে আহ্বান জানানো হয়েছে, পরিবেশ সুরক্ষায় সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা না থাকলে কোনো শিল্পস্থাপনার অনুমোদন না দেওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অধিক কঠোর হতে হবে।

#
ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা